# NTRCA লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য

## লেকচার ০৭

লেকচার টপিক

- সংখ্যাবাচক শব্দ
- দ্বিরুক্ত শব্দ

## সংখ্যাবাচক শব্দ

সংখ্যা মানে গণনা বা গণনা দ্বারা লব্ধ ধারণা। সংখ্যা গণনার মূল একক 'এক'। অর্থাৎ যে শব্দ সংখ্যার মাধ্যমে প্রকাশ পায়, সেটিই সংখ্যাবাচক শব্দ।

**সংখ্যাবাচক শব্দ চার প্রকার:** ১। অঙ্কবাচক ২। পরিমাণ বা গণনাবাচক ৩। ক্রম বা পূরণবাচক ৪। তারিখবাচক।

**অঙ্কবাচক সংখ্যা:** আমরা যখন সংখ্যা গণনা করি, তার সাংকেতিক চিহ্নকে অঙ্ক বাচক সংখ্যা বলে। যেমন ১, ২১, ৪১, ১১২ ইত্যাদি।

**পরিমাণ/গণনাবাচক সংখ্যা:** একাধিকবার একই একক গণনা করলে যে সমষ্টি পাওয়া যায় তাই পরিমাণ বা গণনাবাচক সংখ্যা। যেমন- সপ্তাহ বলতে আমরা সাত দিনের সমষ্টি বুঝে থাকি। এখানে-সাতটি দিন সাতটি একক মিলে হয়েছে সপ্তাহ।

**ক্রম/পূরণবাচক সংখ্যা:** একই সারি, দল বা শ্রেণিতে অবস্থিত কোনো ব্যক্তি বা বস্তুর সংখ্যার ক্রম বা পর্যায় বোঝাতে ক্রম বা পূরণবাচক সংখ্যা ব্যবহৃত হয়। যেমন- **দ্বিতীয়** লোকটিকে ডাক।

**তারিখবাচক সংখ্যা:** বাংলা মাসের তারিখ বোঝাতে যে সংখ্যাবাচক শব্দ ব্যবহৃত হয়, তাকে তারিখবাচক শব্দ বলে। যেমন- পয়লা বৈশাখ। তারিখবাচক শব্দের প্রথম চারটি অর্থাৎ ১ থেকে ৪ পর্যন্ত হিন্দি নিয়মে সাধিত হয়।

### পূর্ণসংখ্যার ন্যূনতা বা আধিক্য বাচক 'সংখ্যা শব্দ'-

☑ এক এককের চার ভাগের এক ভাগ $\left(\frac{১}{৪}\right)$ = চৌথা, সিকি বা পোয়া।

☑ এক এককের দুই ভাগের এক ভাগ $\left(\frac{১}{২}\right)$ = অর্ধ বা আধা।

☑ যেমন- পৌনে তিন = $\left(২\frac{৩}{৪}\right)$।

☑ পৌনে অর্থ পোয়া অংশ বা এক চতুর্থাংশ $\left(\frac{১}{৪}\right)$ কম।

অর্থাৎ পৌনে = $১ - \frac{১}{৪} = \frac{৩}{৪}$।

☑ সওয়া = $১\frac{১}{৪}$ (সওয়া বা সোয়া এক)

নিচে বাংলা অঙ্কবাচক, গণনাবাচক, পূরণবাচক ও তারিখবাচক সংখ্যাগুলো দেওয়া হলো:

| অঙ্ক বা সংখ্যা | গণনাবাচক/ পরিমাণবাচক | পূরণবাচক/ ক্রমবাচক | তারিখবাচক |
|---|---|---|---|
| ১ | এক | প্রথম | পহেলা |
| ২ | দুই | দ্বিতীয় | দোসরা |
| ৩ | তিন | তৃতীয় | তেসরা |
| ৪ | চার | চতুর্থ | চৌঠা |
| ৫ | পাঁচ | পঞ্চম | পাঁচই |
| ৬ | ছয় | ষষ্ঠ | ছয়ই |
| ৭ | সাত | সপ্তম | সাতই |
| ৮ | আট | অষ্টম | আটই |
| ৯ | নয় | নবম | নউই |
| ২০ | বিশ/কুড়ি | বিংশ | বিশই |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **সংখ্যা গণনার মূল একক কী?**
উত্তর: 'এক'।

২. **'ক্রমবাচক' শব্দের অপর নাম কী?**
উত্তর: পূরণবাচক।

৩. **'চৌঠা' কোন বাচক শব্দ?**
উত্তর: তারিখ বাচক শব্দ।

৪. **'পঞ্চম' শব্দটি কোন ধরনের সংখ্যাবাচক শব্দ?**
উত্তর: পূরণবাচক।

৫. **'পয়লা বৈশাখ' কোন সংখ্যাবাচক শব্দ?**
উত্তর: তারিখ বাচক।

৬. **'তেসরা' শব্দটি কোন সংখ্যাবাচক শব্দ?**
উত্তর: তারিখবাচক।

৭. **সংখ্যাবাচক শব্দ কত প্রকার?**
উত্তর: ৪ প্রকার।

## Teacher's Work

১. **কোনটি গণনাবাচক?** [বস্ত্র অধিদপ্তর; ২০২৪]
ⓚ ৭ ⓚh সাত ⓖ সাতই ⓖh সপ্তম

২. **'সপ্তাহ' কোন প্রকারের শব্দ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ'২১]
ক) অংকবাচক খ) গুণবাচক গ) ক্রমবাচক ঘ) গণনাবাচক

৩. **'সিকি' কোন ধরনের শব্দ?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর'২৩; রূপালী ব্যাংক সিনিয়র (ফাইন্যান্সিয়াল এনলিস্ট)'২০]
ক) অংকবাচক খ) গণনাবাচক গ) পূরণবাচক ঘ) তারিখবাচক

৪. **'নবনবতিতম' কোন সংখ্যার পূরণবাচক সংখ্যাশব্দ?** [প্রবাসী কল্যাণ ব্যাংক অফিসার (ক্যাশ)'২১]
ক) ৪৯ খ) ৯০ গ) ৯৯ ঘ) ১০৯

৫. **'পহেলা' কোন ধরনের শব্দ?** [টিটিসি'র ইন্সট্রাক্টর'২২]
ক) সংখ্যাবাচক খ) গণনাবাচক গ) পূরণবাচক ঘ) তারিখবাচক

## দ্বিরুক্ত শব্দ

**সংজ্ঞা:** দ্বিরুক্ত অর্থ দু'বার উক্ত হয়েছে এমন। বাংলা ভাষার কোনো কোনো শব্দ, পদ বা অনুকার শব্দ, এক বার ব্যবহার করলে যে অর্থ প্রকাশ করে, সেগুলো দু'বার ব্যবহার করলে অন্য কোনো সম্প্রসারিত অর্থ প্রকাশ করে। এ ধরনের শব্দের পরপর দু'বার প্রয়োগেই দ্বিরুক্ত শব্দ গঠিত হয়। যেমন- 'আমার জ্বর জ্বর লাগছে।' অর্থ ঠিক জ্বর নয়, জ্বরের ভাব অর্থে এই প্রয়োগ। দ্বিরুক্ত শব্দ নানা রকম হতে পারে। যেমন: শব্দের দ্বিরুক্তি, পদের দ্বিরুক্তি, অনুকার দ্বিরুক্তি প্রভৃতি।

### শব্দের দ্বিরুক্তি

- **একই শব্দ দু'বার ব্যবহার করা হয় এবং শব্দ দু'টি অবিকৃত থাকে। যথা-**

| | | |
|---|---|---|
| **ভালো ভালো** ফল | **ফোঁটা ফোঁটা** পানি | **বড় বড়** বই |

- **একই শব্দের সঙ্গে সমার্থক আর একটি শব্দ যোগ করে ব্যবহৃত হয়। যথা-**

| | |
|---|---|
| খেলা-ধুলা | লালন-পালন |

- **দ্বিরুক্ত শব্দ-জোড়ার দ্বিতীয় শব্দটির আংশিক পরিবর্তন হয়। যেমন-**

| | |
|---|---|
| মিট-মাট | ফিট-ফাট |

- **সমার্থক বা বিপরীতার্থক শব্দ যোগে। যথা-**

| | |
|---|---|
| লেন-দেন | দেনা-পাওনা |

### পদের দ্বিরুক্তি

- দুটি পদে একই বিভক্তি প্রয়োগ করা হয়, শব্দ দুটি ও বিভক্তি অপরিবর্তিত থাকে। যেমন- **মনে মনে** আমিও এ কথাই ভেবেছি।
- দ্বিতীয় পদের আংশিক ধ্বনিগত পরিবর্তন ঘটে, কিন্তু পদ-বিভক্তি অবিকৃত থাকে। যেমন-চোর **হাতে নাতে** ধরা পড়েছে।

## পদের দ্বিরুক্তির প্রয়োগ

| বিশেষ্য শব্দযুগলের বিশেষণ রূপে ব্যবহার | |
|---|---|
| আধিক্য বোঝাতে | **রাশি রাশি** ধান। |
| সামান্য বোঝাতে | আমি আজ **জ্বর জ্বর** বোধ করছি। |
| পরম্পরতা বা ধারাবাহিকতা বোঝাতে | তুমি **দিন দিন** রোগা হয়ে যাচ্ছ। |
| ক্রিয়া বিশেষণ | **ধীরে ধীরে** যায়। |
| অনুরূপ কিছু বোঝাতে | তার **সঙ্গী সাথী** কেউ নেই। |
| আগ্রহ বোঝাতে | ও **দাদা দাদা** বলে কাঁদছে। |

| বিশেষণ শব্দযুগলের বিশেষণ রূপে ব্যবহার | |
|---|---|
| আধিক্য বোঝাতে | **ভালো ভালো** আম নিয়ে এসো। |
| তীব্রতা বা সঠিকতা বোঝাতে | **নরম নরম** হাত। |
| সামান্যতা বোঝাতে | **উড়ু উড়ু** ভাব। |

| সর্বনাম শব্দ | |
|---|---|
| বহু বচন বা আধিক্য বোঝাতে | **সে সে** লোক গেল কোথায়? **কে কে** এলো? **কেউ কেউ** বলে। |

| ক্রিয়াবাচক শব্দ | |
|---|---|
| বিশেষণ রূপে | এদিকে রোগীর তো **যায় যায়** অবস্থা। |
| স্বল্পকাল স্থায়ী বোঝাতে | **দেখতে দেখতে** আকাশ কালো হয়ে এলো। |
| ক্রিয়া বিশেষণ | **দেখে দেখে** যেও। |
| পৌনঃপুনিকতা বোঝাতে | **ডেকে ডেকে** হয়রান হয়েছি। |

| অব্যয়ের দ্বিরুক্তি | |
|---|---|
| ভাবের গভীরতা বোঝাতে | **ছি ছি**, তুমি কী করেছ? |
| পৌনঃপুনিকতা বোঝাতে | **বার বার** সে কামান গর্জে উঠল। |
| অনুভূতি বা ভাব বোঝাতে | ভয়ে গা **ছম ছম** করছে। |
| বিশেষণ বোঝাতে | পিলসুজে বাতি জ্বলে **মিটির মিটির**। |
| ধ্বনিব্যঞ্জনা | **ঝির ঝির** করে বাতাস বইছে। |

**যুগ্মরীতিতে দ্বিরুক্ত শব্দের গঠন:** একই শব্দ ঈষৎ পরিবর্তন করে দ্বিরুক্ত শব্দ গঠনের রীতিকে বলে যুগ্মরীতি। যুগ্মরীতিতে দ্বিরুক্ত গঠনের কয়েকটি নিয়ম রয়েছে। যেমন:

| | |
|---|---|
| শব্দের আদি স্বরের পরিবর্তন করে | চুপচাপ, মিটমাট। |
| শব্দের অন্ত্যস্বরের পরিবর্তন করে | মারামারি, হাতাহাতি। |
| দ্বিতীয়বার ব্যবহারের সময় ব্যঞ্জনধ্বনির পরিবর্তনে | ছটফট, নিশপিশ। |
| সমার্থক বা একার্থক সহচর শব্দ যোগে | চালচলন, রীতিনীতি। |
| ভিন্নার্থক শব্দ যোগে | ডালভাত, তালাচাবি। |

**পদাত্মক দ্বিরুক্তি:** বিভক্তিযুক্ত পদের দুবার ব্যবহারকে **পদাত্মক দ্বিরুক্তি** বলা হয়। এগুলো দুরকমে গঠিত হয়।

| | |
|---|---|
| একই পদের অবিকৃত অবস্থায় দুবার ব্যবহার। | যেমন- **ভয়ে ভয়ে** এগিয়ে গেলাম। |
| যুগ্ম রীতিতে গঠিত দ্বিরুক্ত পদের ব্যবহার। | যেমন- হাতে-নাতে, আকাশে-বাতাসে। |

### ❑ বিশিষ্টার্থক বাগ্‌ধারায় দ্বিরুক্ত শব্দের প্রয়োগ:

ছেলেটিকে **চোখে চোখে** রেখো। (সতর্কতা)

ফুলগুলো তুই আনরে **বাছা বাছা**। (ভাবের প্রগাঢ়তা)

**থেকে থেকে** শিশুটি কাঁদছে। (কালের বিস্তার)

লোকটা **হাড়ে হাড়ে** শয়তান। (আধিক্য)

## ধ্বন্যাত্মক দ্বিরুক্তি

কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দু'বার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। ধ্বন্যাত্মক দ্বিরুক্তি দ্বারা বহুত্ব, আধিক্য ইত্যাদি বোঝায়। ধ্বন্যাত্মক দ্বিরুক্ত শব্দ কয়েকটি উপায়ে গঠিত হয়। যেমন:

| ধ্বন্যাত্মক দ্বিরুক্তি | |
|---|---|
| মানুষের ধ্বনির অনুকার | ভেউ ভেউ– মানুষের উচ্চস্বরে কান্নার ধ্বনি। এরূপ– ট্যা ট্যা, হি হি ইত্যাদি। |
| জীবজন্তুর ধ্বনির অনুকার | ঘেউ ঘেউ (কুকুরের ধ্বনি)। এরূপ- কুহু কুহু (কোকিলের ডাক)। |
| বস্তুর ধ্বনির অনুকার | ঘচাঘচ (ধান কাটার শব্দ)। এরূপ- মড় মড় (গাছ ভেঙে পড়ার শব্দ)। |
| অনুভূতিজাত কাল্পনিক ধ্বনির অনুকার | ঝিকিমিকি (ঔজ্জ্বল্য)। এরূপ- ঠা ঠা (রোদের তীব্রতা)। |

| ধ্বন্যাত্মক দ্বিরুক্তি গঠন | |
|---|---|
| একই ধ্বন্যাত্মক শব্দের অবিকৃত প্রয়োগ | ধক ধক, ঝন ঝন, পট পট। |
| প্রথম শব্দটির শেষে আ যোগ করে | গপাগপ, টপাটপ, পটাপট। |
| দ্বিতীয় শব্দটির শেষে ই যোগ করে | ধরাধরি, ঝমঝমি, ঝনঝনি। |
| যুগ্মরীতিতে গঠিত ধ্বন্যাত্মক শব্দ | কিচির মিচির (পাখি বা বানরের শব্দ), টাপুর টুপুর (বৃষ্টি পতনের শব্দ)। |
| আনি-প্রত্যয় যোগেও বিশেষ্য দ্বিরুক্তি গঠিত হয় | পাখিটার **ছটফটানি** দেখলে কষ্ট হয়। তোমার **বকবকানি** আর ভালো লাগে না। |

| বিভিন্ন পদরূপে ধ্বন্যাত্মক দ্বিরুক্ত শব্দের ব্যবহার | |
|---|---|
| বিশেষ্য | বৃষ্টির **ঝমঝমানি** আমাদের অস্থির করে তোলে। |
| বিশেষণ | নামিল নভে বাদল **ছলছল** বেদনায়। |
| ক্রিয়া | **কলকলিয়ে** উঠল সেথায় নারীর প্রতিবাদ। |
| ক্রিয়া বিশেষণ | **চিকচিক** করে বালি কোথা নাহি কাদা। |

## এক কথায় প্রশ্নোত্তর

**১. ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ কোনটি?**
**উত্তর:** ঝম ঝম।

**২. আমার সন্তান যেন থাকে দুধে ভাতে। এখানে 'দুধে ভাতে' কোন ধরনের দ্বিরুক্তি?**
**উত্তর:** পদের দ্বিরুক্তি।

**৩. ডাল-ভাত কোন অর্থের সংযোগে দ্বিরুক্ত হয়েছে?**
**উত্তর:** ভিন্নার্থক।

**৪. 'রাশি রাশি ধান'- এখানে 'রাশি রাশি' দ্বিরুক্তিটি কোন অর্থে বসেছে?**
**উত্তর:** আধিক্য বোঝাতে।

**৫. 'দাদা দাদা বলে কাঁদছে'- এ বাক্যে কোন দ্বিরুক্তির প্রয়োগ ঘটেছে?**
**উত্তর:** পদাত্মক।

**৬. বিশেষণ বোঝাতে অব্যয়ের দ্বিরুক্তি ঘটেছে কোনটিতে?**
**উত্তর:** পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।

**৭. আমার সন্তান যেন থাকে দুধে ভাতে। এখানে 'দুধে ভাতে' কোন ধরনের দ্বিরুক্তি?**
**উত্তর:** পদের দ্বিরুক্তি।

**৮. 'ধরাধরি' কোন ধরনের দ্বিরুক্তি শব্দ?**
**উত্তর:** ধ্বন্যাত্মক দ্বিরুক্তি।

**৯. ডাল-ভাত কোন অর্থের সংযোগে দ্বিরুক্ত হয়েছে?**
**উত্তর:** ভিন্নার্থক।

**১০. বিশেষণ পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?**
**উত্তর:** লাল লাল ফুল।

**১১. 'দাদা দাদা বলে কাঁদছে'- এ বাক্যে কোন দ্বিরুক্তির প্রয়োগ ঘটেছে?**
**উত্তর:** পদাত্মক।

**১২. ক্রিয়া বিশেষণ যোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?**
**উত্তর:** দেখে দেখে খাও।

**১৩. বিভক্তিযুক্ত পদের দুবার ব্যবহারকে বলে-**
**উত্তর:** পদাত্মক দ্বিরুক্তি।

**১৪. তীব্রতা বোঝাতে কোন দ্বিরুক্তিটি ব্যবহার হয়েছে?**
**উত্তর:** নরম নরম হাত।

**১৫. কোনটি অব্যয়বাচক দ্বিরুক্তির উদাহরণ?**
**উত্তর:** ছম ছম।

**১৬. কোনটি অনুভূতিজাত দ্বিরুক্তির উদাহরণ?**
**উত্তর:** কুট কুট।

**১৭. 'রীতিনীতি' কোন যুগ্মরীতিতে গঠিত দ্বিরুক্ত শব্দ?**
**উত্তর:** সমার্থকযোগে।

## Teacher's Work

**১. বিশেষণ পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** [নির্বাচন কমিশনের অফিস সহায়ক'২৩; সিজিএ এর অফিস সহায়ক'২২]
ⓚ লাল লাল ফুল ⓚ জ্বর জ্বর লাগছে
ⓖ গ্রামে গ্রামে যাব ⓖ ভাইয়ে ভাইয়ে যুদ্ধ

**২. 'ডেকে ডেকে হয়রান হচ্ছি'।- এ বাক্যে 'ডেকে ডেকে' কোন অর্থ প্রকাশ করে?** [৪৩তম বিসিএস]
ক) অসহায়ত্ব খ) বিরক্তি গ) কালের বিস্তার ঘ) পৌনঃপুনিকতা

**৩. আমার জ্বর জ্বর লাগছে- 'জ্বর জ্বর' শব্দ দুটি অবিকৃতভাবে উচ্চারিত হওয়াকে বলে-** [৪২তম বিসিএস]
ক) দ্বিরুক্ত শব্দ খ) সমার্থক শব্দ গ) যুগ্মশব্দ ঘ) শব্দদ্বিত্ব

## Student Practice

**১. কোনটি ক্রমবাচক সংখ্যা?**
ক) পাঁচই খ) সপ্তম
গ) এগারো ঘ) একুশে **খ**

**২. সাধারণ পূরণবাচক শব্দ কোনটি?**
ক) আট খ) নবম
গ) তেসরা ঘ) দেড় **খ**

**৩. 'দশম শ্রেণি' এখানে বিশেষণ কোন শ্রেণির?**
ক) সংখ্যাবাচক খ) পরিমাণবাচক
গ) ক্রমবাচক ঘ) অবস্থাবাচক **গ**

**৪. নিচের কোনটি পূরণবাচক শব্দের উদাহরণ?**
ক) একাদশ খ) পাঁচ
গ) পহেলা ঘ) সিকি **ক**

**৫. 'নবনবতিতম' কোন সংখ্যার পূরণবাচক সংখ্যাশব্দ?**
ক) ৪৯ খ) ৯০
গ) ৯৯ ঘ) ১০৯ **গ**

**৬. 'চৌঠা' কোন বাচক শব্দ–**
ক) অঙ্কবাচক খ) গণনাবাচক
গ) তারিখবাচক ঘ) পূরণবাচক **গ**

**৭. 'বার' সংখ্যাটির তারিখবাচক শব্দ কোনটি?**
ক) বারতম খ) বারশ
গ) বারই ঘ) দ্বাদশ **গ**

**৮. নিচের কোনটি তারিখ বাচক শব্দ?**
ক) চার খ) দ্বাদশ
গ) চৌদ্দ ঘ) একুশে **ঘ**

**৯. ১/৪-এর সংখ্যাবাচক শব্দ নয়–**
ক) চৌথাই খ) সিকি
গ) পোয়া ঘ) পৌনে **ঘ**

**১০. 'সিকি' কোন ধরনের শব্দ?**
ক) অঙ্কবাচক খ) গণনাবাচক
গ) পূরণবাচক ঘ) তারিখবাচক **খ**

**১১. গণনাবাচক শব্দ কোন গুলো?**
ক) এক, দুই খ) ১, ২
গ) প্রথম, দ্বিতীয় ঘ) ১লা, ২রা **ক**

**১২. 'চত্বারিংশ' শব্দটি কোন সংখ্যাজ্ঞাপক?**
ক) চব্বিশ খ) চৌত্রিশ
গ) চল্লিশ ঘ) চৌচল্লিশ **গ**

১৩. 'সার্ধশত জন্মবার্ষিকী।' –এখানে 'সার্ধশত' কোন ধরনের শব্দ?
ক তারিখবাচক খ সংখ্যাবাচক
গ ক্রমবাচক ঘ আধিক্যবাচক গ

১৪. 'সার্ধশত' শব্দটির অর্থ কী?
ক ৫০ খ ১০০ গ ১৫০ ঘ ২০০ গ

১৫. 'সপ্তাহ' কোন প্রকারের শব্দ?
ক অঙ্কবাচক খ গুণবাচক
গ ক্রমবাচক ঘ গণনাবাচক ঘ

১৬. সমার্থক শব্দ যোগে দ্বিরুক্তি হয়েছে কোনটি?
ক ভাল-মন্দ খ তোড়-জোড়
গ ধন-দৌলত ঘ আমার-ফকির গ

১৭. 'বই-টই নিয়ে পড়তে বসো।' এখানে 'বই-টই' কী?
ক যথাদ্বিরুক্তি খ অনুচর-দ্বিরুক্তি
গ সমার্থক দ্বিরুক্তি ঘ বিপরীতার্থক দ্বিরুক্তি খ

১৮. 'পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।'– কোন অর্থে দ্বিরুক্তি?
ক ভাবের গভীরতা খ বিশেষণ বোঝাতে
গ সামান্যতা ঘ অনুভূতি বোঝাতে খ

১৯. 'ছোট ছোট জমি বিক্রি করে দাও'। এ বাক্যে দ্বিরুক্ত শব্দ কি অর্থ প্রকাশ করে?
ক গভীরতা খ সামান্যতা
গ সতর্কতা ঘ আধিক্য ঘ

২০. কোনটি অব্যয়বাচক দ্বিরুক্তির উদাহরণ?
ক ভারা ভারা খ ছম ছম
গ হাতে হাতে ঘ নেই নেই খ

২১. 'বার বার সে কামান গর্জে উঠল।'– এখানে 'বার বার' কোন ধরনের দ্বিরুক্তি?
ক ধ্বন্যাত্মক খ অব্যয়
গ ক্রিয়াবাচক ঘ পদাত্মক ঘ

২২. 'ছি! ছি!, তুমি এত খারাপ!' এখানে 'ছি! ছি!' কী অর্থে প্রকাশ পেয়েছে?
ক ভাবের গভীরতা খ পৌনঃপুনিকতা
গ ভাবের ধারাবাহিকতা ঘ অনুভূতি ভাব ক

২৩. 'লোকটি হাড়ে হাড়ে শয়তান।'– কী অর্থে বাক্যটিতে দ্বিরুক্ত শব্দের প্রয়োগ হয়েছে?
ক সতর্কতা খ শারীরিক গঠন
গ ভাবের প্রগাঢ়তা ঘ আধিক্য ঘ

২৪. 'কবি কবি ভাব কিন্তু ছন্দের অভাব'– এখানে 'কবি' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক ভালো অর্থে খ পুনরাবৃত্তি অর্থে
গ পৌনঃপুনিক অর্থে ঘ উপহাস অর্থে ঘ

২৫. ধ্বন্যাত্মক শব্দদ্বিত্ব কোনটি?
ক বাড়াবাড়ি খ ঝিকিমিকি
গ পটাপট ঘ পায়ে পায়ে গ

২৬. 'ঝন ঝন' শব্দটি যে ধরনের দ্বিরুক্তি?
ক অব্যয়ের খ ধ্বন্যাত্মক
গ পদাত্মক ঘ ক্রিয়ার খ

২৭. ধ্বন্যাত্মক দ্বিরুক্তি শব্দের উদাহরণ কোনটি?
ক ধরাধরি খ সরাসরি
গ নিশপিশ ঘ গরম গরম ক

২৮. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর'– কোন ধরনের শব্দ?
ক শব্দের দ্বিরুক্তি খ ধ্বন্যাত্মক দ্বিরুক্তি
গ পদের দ্বিরুক্তি ঘ ছড়ার শব্দ খ

২৯. 'ঝির ঝির করে বাতাস বইছে' এখানে 'ঝির ঝির' দ্বারা বুঝানো হয়েছে–
ক ভাবের গভীরতা খ ধ্বনিব্যঞ্জনা
গ পৌনঃপুনিকতা ঘ সামান্যতা খ



## Home Work

NTRCA চাকুরি প্রত্যাশীদের জন্য বিগত বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসা প্রশ্নগুলো থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলো বাছাই করে এবং সাম্প্রতিক প্রশ্নোত্তর সংযোজনে সাজানো হয়েছে। যা মনে রাখতে পারলে শতভাগ কমন থাকবে।

১. কোনটি ধ্বন্যাত্মক শব্দের উদাহরণ? [পো.জে. উ. (রাজশাহী) (উচ্চমান সহকারী)'২২]
ক ঝম-ঝম খ ভালো-ভালো
গ রাশি-রাশি ঘ ঘন-ঘন ক

২. 'পাতায় পাতায় পড়ে নিশির শিশির'- এখানে 'পাতায় পাতায়' কী অর্থে বোঝাতে ব্যবহৃত হয়েছে? [রাজউক (ইমারত পরিদর্শক)'২২]
ক ধারাবাহিকতা খ আধিক্য
গ নির্দিষ্টতা ঘ স্বল্পতা ক

৩. 'ডেকে ডেকে হয়রান হয়েছি'- এখানে 'ডেকে ডেকে' দ্বিরুক্তি টি কোন অর্থ নির্দেশ করে? [৪৩ তম বিসিএস ;বাংলাদেশ গ্যাস ফিল্ড'স কোম্পানি লিমিটেড (সহকারী ব্যবস্থাপক)- ২০১৭]
ক স্বল্পকাল অর্থে খ দীর্ঘকাল স্থায়ী
গ অস্থিরতা ঘ পৌনঃপুনিকতা ঘ

৪. আমার জ্বর জ্বর লাগছে– 'জ্বর জ্বর' শব্দ দুটি অবিকৃতভাবে উচ্চারিত হওয়াকে বলে– [৪২তম বিসিএস (বিশেষ)]
ক দ্বিরুক্ত শব্দ খ সমার্থক শব্দ
গ যুগ্মশব্দ ঘ শব্দদ্বিত্ব ক

৫. বিশেষ্য পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা বিভাগ) : ০৭]
ক ভালো-ভালো আম খ যে-যে যাবে
গ বাড়ি-বাড়ি যাব ঘ লাল-লাল ফুল গ

৬. বিশেষণ পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০০]
ক লাল লাল ফুল খ জ্বর জ্বর লাগছে
গ গ্রামে গ্রামে যাব ঘ ভাইয়ে ভাইয়ে যুদ্ধ ক

৭. **ধ্বনিবাচক দ্বিরুক্ত শব্দ-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ক দরদর   খ মরমর
গ কড়কড়   ঘ নড়নড়   গ

৮. **সংখ্যা গণনার মূল একক-** [বেবিচকের নিরাপত্তা প্রহরী-২৪]
ক শূন্য   খ এক
গ ক্রম   ঘ তারিখ   খ

৯. **কোনটি গণনাবাচক?** [বস্ত্র অধিদপ্তরের অফিস সহায়ক-২৩]
ক ৭   খ সাত
গ সাতই   ঘ সপ্তম   খ

১০. **সিকি কোন ধরনের শব্দ?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর-২৩]
ক অঙ্কবাচক   খ গণনাবাচক
গ পূরণবাচক   ঘ তারিখবাচক   খ

১১. **পূরণবাচক শব্দ কোনটি?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী-২৩]
ক একক   খ এক
গ প্রথম   ঘ পহেলা   গ

১২. **'তৃতীয়' কোন জাতীয় বিশেষণ?** [বিসিক এর প্রকাশনা কর্মকর্তা-২৩]
ক পূরণবাচক   খ পরিমাণবাচক
গ ক্রমবাচক   ঘ গুণবাচক   ক

১৩. **'পহেলা' কোন ধরনের শব্দ?** [টিটিসির ইন্সট্রাক্টর-২২]
ক সংখ্যাবাচক   খ গণনাবাচক
গ পূরণবাচক   ঘ তারিখবাচক   ঘ

১৪. **কোনটি ক্রমবাচক সংখ্যা?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ-০০]
ক পাঁচই   খ সপ্তম
গ এগার   ঘ একুশে   খ

১৫. **'ডেকে ডেকে হয়রান হয়রান হচ্ছি।'- এ বাক্যে 'ডেকে ডেকে' কোন অর্থ প্রকাশ করে?** [৪৩তম বিসিএস]
ক অসহায়ত্ব   খ বিরক্তি
গ কালের বিস্তার   ঘ পৌনঃপুনিকতা   ঘ

১৬. **আমার জ্বর জ্বর লাগছে- 'জ্বর জ্বর' শব্দ দুটি অবিকৃতভাবে উচ্চারিত হওয়াকে বলে-** [৪২তম বিসিএস]
ক দ্বিরুক্ত শব্দ   খ সমার্থক শব্দ
গ যুগ্ম শব্দ   ঘ শব্দ দ্বিত্ব   ক

১৭. **'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদেয় এলো বান'- এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ?** [২০তম বিসিএস]
ক অবস্থাবাচক শব্দ   খ বাক্যালঙ্কার শব্দ
গ ধ্বন্যাত্মক শব্দ   ঘ দ্বিরুক্ত শব্দ   গ

১৮. **নিচের কোনটি অনুকার দ্বিত্বের উদাহরণ?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর-২৪]
ক চকচক   খ পর পর
গ ঢং ঢং   ঘ এলোমেলো   ঘ

১৯. **'ফোঁটা ফোঁটা' কোন পদের দ্বৈতরূপ?** [বাংলাদেশ টিকিট কালেক্টর-২৪]
ক ক্রিয়া   খ অব্যয়
গ বিশেষণ   ঘ বিশেষ্য   গ

২০. **লোকটা হাড়ে হাড়ে শয়তান। বাক্যটিতে দ্বিরুক্তি কোন অর্থ প্রকাশ করে?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী-২৩]
ক সতর্কতা   খ চোর ডাকাত
গ বিস্তার   ঘ আধিক্য   ঘ

২১. **কবি কবি ভাব কিন্তু ছন্দের অভাব- কবি কবি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিম্নমান হিসাব সহকারী-২৩]
ক পৌনঃপুনিকতা অর্থে   খ ভালো অর্থে
গ পুনরাবৃত্তি অর্থে   ঘ উপহাস অর্থে   ঘ

২২. **বিশেষণ পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** [নির্বাচন কমিশনের অফিস সহায়ক-২৩/সিজিএ এর অফিস সহায়ক-২২]
ক লাল লাল ফুল   খ জ্বর জ্বর লাগছে
গ গ্রামে গ্রামে যাব   ঘ ভাইয়ে ভাইয়ে যুদ্ধ   ক

২৩. **গাছটা মড়মড় করে ভেঙ্গে পড়ল। এখানে মড়মড় কোন অনুকৃতির ধ্বন্যাত্মক শব্দ?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিক্যাল টেকনোলজিস্ট-২৩]
ক অনুভূতির কাল্পনিক   খ বস্তুর ধ্বনি
গ জীবজন্তুর ধ্বনি   ঘ মানুষের ধ্বনি   খ

২৪. **পাতায় পাতায় পড়ে নিশির শিশির।- এখানে পাতায় পাতায় কী বোঝাতে ব্যবহৃত হয়েছে?** [রাজউক এর ইমারত পরিদর্শক-২২]
ক আধিক্য   খ ধারাবাহিকতা
গ নির্দিষ্টতা   ঘ স্বল্পতা   খ

২৫. **কোনটি অব্যয়সূচক শব্দের দ্বিরুক্তি?** [অভ্যন্তরীন নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক-২২]
ক আর হায় হায় করে লাভ কী?
খ উড়ু উড়ু ভাব
গ দেখতে দেখতে সে চলে গেলো
ঘ কবি কবি ভাব   ক

২৬. **'মেঘে মেঘে' শব্দদ্বৈত কী অর্থে ব্যবহৃত হয়?** [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার]
ক ব্যাপ্তি   খ বহুত্ব
গ প্রকর্ষ   ঘ ইষৎ স্বল্পতা   ক

২৭. **শব্দের দ্বিরুক্তি কত প্রকার?** [পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী-২১]
ক ২ প্রকার   খ ৩ প্রকার
গ ৪ প্রকার   ঘ ৫ প্রকার   খ

২৮. **কোনটি পদাত্মক দ্বিরুক্তির উদাহরণ?** [পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী-২১]
ক দিন দিন   খ রোজ রোজ
গ হাতে হাতে   ঘ শুনশান   ক

২৯. **অনুকার দ্বিত্বের উদাহরণ কোনটি?** [এনএসআইএর ওয়াচার কন্সটেবল-২১]
ক চুপচাপ   খ পটাপট
গ ঝমঝম   ঘ সুরে সুরে   ক

৩০. **'হাটে হাটে বিকিয়ে তোর ভরা আপণ'- এ বাক্যে কোন দ্বিরুক্তির প্রয়োগ ঘটেছে?** [বেজার সহকারী পরিচালক-২০]
ক যুগ্মরীতি   খ অব্যয়ের
গ ধ্বন্যাত্মক   ঘ পদাত্মক   ঘ

৩১. **'ছোট ছোট জমি বিক্রি করে দাও'- এ বাক্যে দ্বিরুক্ত শব্দ কী অর্থ প্রকাশ করে?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী-১৯]
ক গভীরতা   খ সামান্যতা
গ সতর্কতা   ঘ আধিক্য   খ

৩২. **'ঝির ঝির করে বাতাস বইছে।'- এখানে দ্বিরুক্ত শব্দটি কোন অর্থ প্রকাশ করেছে?** [ডিজিএফআই এর সহকারী পরিচালক-১৯]
ক ভাবের গভীরতাা   খ ধ্বনি ব্যঞ্জনা
গ পৌনঃপুনিকতা   ঘ সামান্যতা   খ




**১. ‘চৌঠা’ কোন বাচক শব্দ ?**
ক তারিখবাচক
খ পূরণবাচক
গ সংখ্যাবাচক
ঘ গণনাবাচক

**২. ‘তৃতীয়’ কোন জাতীয় বিশেষণ?**
ক পূরণবাচক
খ পরিমাণবাচক
গ ক্রমবাচক
ঘ গুণবাচক

**৩. সাধারণ পূরণবাচক শব্দ কোনটি?**
ক আট
খ তেসরা
গ নবম
ঘ দেড়

**৪. নবনবতিতম কোন সংখার পূরণবাচক সংখ্যাশব্দ?**
ক ৯০
খ ৯৯
গ ৪৯
ঘ ১০৯

**৫. ‘দশম শ্রেণি’ এখানে বিশেষণ কোন শ্রেণির?**
ক সংখ্যাবাচক
খ পরিমাণবাচক
গ অবস্থাবাচক
ঘ ক্রমবাচক

**৬. নিচের কোনটি যুগ্মরীতির দ্বিরুক্ত শব্দ?**
ক আয়-ব্যয়
খ ঝমঝম
গ ঠা ঠা
ঘ বই-টই

**৭. ‘ডাল-ভাত’ কেমন অর্থের শব্দযোগে দ্বিরুক্ত হয়েছে?**
ক ভিন্নার্থক
খ সমার্থক
গ মিলনার্থক
ঘ বিপরীতার্থক

**৮. ধ্বনিবাচক দ্বিরুক্ত শব্দ-**
ক কড়কড়
খ দরদর
গ মরমর
ঘ নড়নড়

**৯. অনুভূতিজাত কাল্পনিক ধ্বনির অনুকার কোনটি?**
ক ঘচাঘচ
খ ঝিকিমিকি
গ ট্যা ট্যা
ঘ কুহুকুহু

**১০. নিচের কোনটি ভাব প্রকাশক অনুকার অব্যয়?**
ক বাপরে বাপ
খ ঘুটঘুটে অন্ধকার
গ থু থু
ঘ হায় হায়

biddabari

**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | ক |
| ২ | ক |
| ৩ | গ |
| ৪ | খ |
| ৫ | ঘ |
| ৬ | ঘ |
| ৭ | ক |
| ৮ | ক |
| ৯ | খ |
| ১০ | ঘ |

এই Lecture Sheet পড়ার পাশাপাশি Biddabari your success benchmark কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর “বাংলা ভাষা ও সাহিত্য” অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।

